2018–2019 NYC হাই স্কুলে ভর্তি

ভোকাল মিউজিক অডিশন গাইড

ভোকাল মিউজিক অডিশন প্রোগ্রাম সম্পর্কে আপনার যেসব বিষয় জানতে হবে

সচি

1. কীভাবে এই গাইডটি ব্যবহার করতে হবে
2. হাই স্কুল অডিশন প্রক্রিয়ার উপরিচিত্র
3. অডিশন রেজিস্ট্রেশন এবং সাধারণ অডিশনের অংশসমূহ
4. একটি ভোকাল মিউজিক অডিশনের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হয়
5. হাই স্কুলের প্রোগ্রামসমূহ এবং অডিশনের তথ্য
6. আপনার ব্যক্তিগত অডিশনের সময়সূচি

সেকশন 1 – এই গাইডটি কীভাবে ব্যবহার করবেন

এই গাইডটি শিক্ষার্থী ও পরিবারবর্গকে অডিশন প্রক্রিয়ার জন্য প্রস্তুতি গ্রহণে সহায়তা করার জন্য প্রণয়ন করা হয়েছে। এই গাইডের মাধ্যমে আপনি:

- **ভোকাল মিউজিক সম্পর্কে জানুন।** ভোকাল মিউজিক প্রোগ্রামের প্রয়োজনীয়তা কী? ভোকাল মিউজিক এর একজন শিক্ষার্থী হিশেবে আপনি কী প্রত্যাশা করতে পারেন? আরও তথ্যের জন্য নিচের বিবরণটি দেখুন।

- **অডিশন প্রক্রিয়াটি বুঝুন।** পৃষ্ঠা দুইয়ে প্রদত্ত উপরিচিত্র আপনাকে হাই স্কুল অডিশনে আপনি কী প্রত্যাশা করতে পারেন সেসম্পর্কে একটি ধারণা দেবে।

- **সাধারণ অডিশনের অংশগুলি পর্যালোচনা করুন।** যে সকল হাই স্কুল সাধারণ অডিশনের অংশগুলিতে অংশগ্রহণ করে তারা অডিশনের একই গাইডলাইন শেয়ার করে। এই গাইড ভোকাল মিউজিক প্রোগ্রামে অংশগ্রহণ করার ক্ষেত্রে সাধারণ অডিশনের অংশগুলি অন্তর্ভুক্ত করে।

- **অডিশনের জন্য প্রস্তুত হোন।** অডিশনে আপনার পক্ষে সর্বোত্তম করার জন্য অডিশনের অংশগুলি এবং বিভিন্ন পরামর্শ সম্পর্কে জানুন।

- **আপনার আগ্রহের ভোকাল মিউজিক প্রোগ্রামের একটি তালিকা তৈরি করুন।** শৈল্পিক মেধা চর্চার জন্য নিউ ইয়র্ক সিটির যে সকল হাই স্কুল বিভিন্ন প্রোগ্রাম প্রদান করে সেগুলোর একটি সম্পূর্ণ তালিকার জন্য এই গাইডটি দেখুন। আপনার জন্য উপযুক্ত এমন প্রোগ্রামসমূহের তালিকা করতে সেকশন 6 ব্যবহার করুন এবং আপনার হেমন্তের অডিশনের সময়সূচি তৈরি করতে শুরু করুন।

- **আপনার অডিশনের সময়সূচি নির্ধারণ করুন।** প্রতিটি প্রোগ্রামের জন্য অডিশনের তথ্য এবং সময়সূচি পর্যালোচনা করে আপনার নিজস্ব অডিশন ক্যালেন্ডারের পরিকল্পনা করুন। প্রতিটি প্রোগ্রামের জন্য অডিশনে প্রস্তুত হতে যা যা করতে হবে এবং অডিশনে আপনি কী কী করবেন তার একটি তালিকা থাকবে।

ভোকাল মিউজিক কী?

ভোকাল মিউজিক বাদ্যযন্ত্রসহ বা বাদ্যযন্ত্রের সহায়তা ছাড়াই এক বা একাধিক গায়ক কর্তৃক পরিবেশিত সঙ্গীত, যেটিতে গান গাওয়াকে পরিবেশনার মূল হিশেবে ধরা *হয়। ভোকাল মিউজিক* শিক্ষার্থীগণ সাধারণত দেখে গাওয়া, সঙ্গীত তত্ব, সঙ্গীতের ইতিহাস ও শিল্পকর্ম এবং কন্ঠ সংক্রান্ত কৌশলাদি চর্চা করে এবং সঙ্গীতের সামাজিক ও সাংস্কৃতিক প্রভাব সম্পর্কে ধারণা অর্জন করে। শিক্ষার্থীগণ প্রতিদিন একক পাঠ নিতে পারে এবং বৃহৎ ঐকতানিক সঙ্গীতে ও কোরাসের ক্লাশসমূহে অংশগ্রহণ করতে পারে। তারা হাই স্কুলের পুরো চার বছর জুড়েই পারফর্ম করার সুযোগ পেতে পারে।

সেকশন 2 – হাই স্কুল অডিশন প্রক্রিয়ার পর্যালোচনা

কিছু হাই স্কুল অডিশন আয়োজন করে।

কোনো অডিশন হচ্ছে ভর্তি পদ্ধতির একটি ধরন। কিছু হাই স্কুলের আর্টস প্রোগ্রামে ভর্তির জন্য শিক্ষার্থীদেরকে অবশ্যই একটি অডিশনে শৈল্পিক দক্ষতা প্রদর্শন করতে হবে। শিক্ষার্থীদের স্কুলের কর্মীদের সাথে দেখা করার জন্য এবং প্রোগ্রাম সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করার জন্যও অডিশনগুলি একটি দুর্দান্ত সুযোগ।

শিক্ষার্থীরা একটি অডিশনের জন্য প্রস্তুতি নেবে এবং পারফর্ম করবে সেটিই প্রত্যাশিত

হাই স্কুলের প্রোগ্রাম অনুযায়ী অডিশনের প্রত্যাশা ভিন্ন হবে। শিক্ষার্থীদের উচিত অডিশনের মানদণ্ড পর্যালোচনা করা যা হাই স্কুল ডিরেক্টরিতে স্কুল কর্তৃক প্রকাশিত হয়। যদি কোন শিক্ষার্থী একই আর্ট ফরমে অভিনিবেশ প্রদান করে একাধিক প্রোগ্রামের অডিশনে অংশগ্রহণ করে, তবে অডিশনগুলির অনেক অংশ একই রকম হবে (অডিশনের তথ্যের জন্য এই গাইডে প্রোগ্রামের বিস্তারিত দেখুন)। শিক্ষার্থীদের অবশ্যই জেনে রাখা উচিত যে তারা অডিশনের জন্য যা প্রস্তুত করেছে তার সব উপস্থাপনের সুযোগ নাও হতে পারে।

অডিশনগুলি হাই স্কুল কর্তৃক পরিচালিত হয়

সাধারণত অডিশনগুলি স্কুল প্রশাসক এবং শিক্ষকদের দ্বারা পরিচালিত হয়। কিছু হাই স্কুল অডিশনে শিক্ষার্থী ও তাদের পরিবারবর্গকে স্বাগত জানাতে তাদের বর্তমান শিক্ষার্থীগণ সহযোগিতা প্রদান করে।

অডিশনের তারিখ, উপস্থিত হবার সময় এবং স্থানসমূহ ভিন্ন হতে পারে

হাই স্কুল অডিশনগুলি সাধারণত অক্টোবর থেকে জানুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হয়। অডিশনের সময়সূচির জন্য এই গাইডে প্রোগ্রামের বিবরণ দেখুন।

অডিশনের দৈর্ঘ্য ভিন্ন ভিন্ন হতে পারে

অডিশন প্রক্রিয়াটিতে 2-3 ঘন্টা বা তার বেশি সময় লাগতে পারে। শিক্ষার্থীদেরকে অডিশনে কিছু হালকা নাস্তা এবং পানি আনতে উৎসাহিত করা হয়। পরিবারগুলির একই দিনে একাধিক স্কুলে অডিশনের জন্য রেজিস্টার করা উচিত নয়।

পরিবারগুলি কাছাকাছি অপেক্ষা করতে পারে

প্যারেন্ট/অভিভাবকরা অডিশন এলাকায় অনুমতি প্রাপ্ত না হওয়ায় তাদের জন্য প্রায়ই নির্বাচিত অপেক্ষার স্থান থাকে। প্যারেন্ট/অভিভাবকরা যেকোনো সময় স্কুল ভবন ছেড়ে চলে যেতে পারেন এবং পুনরায় প্রবেশ করতে পারেন। অডিশন প্রক্রিয়া শুরুর আগে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের মধ্যে যোগাযোগ সম্পন্ন করা উচিত।

অডিশন প্রোগ্রামসমূহে গৃহীত হওয়া

অডিশন প্রোগ্রামে বিবেচিত হওয়ার জন্য, শিক্ষার্থীদেরকে অবশ্যই তাদের হাই স্কুল অ্যাডমিশন রাউন্ড 1 আবেদনপত্রেও প্রোগ্রামটি তালিকাভুক্ত করতে হবে, যা 3 ডিসেম্বর, 2018 তারিখে তাদের স্কুল কাউন্সেলরের কাছে জমা দিতে হবে। শিক্ষার্থীরা মার্চে রাউন্ড 1 আবেদনের ফলাফল পাবে।

অডিশনের প্রক্রিয়া সম্পর্কিত প্রশ্নাবলী

এই গাইডটির অডিশনের প্রক্রিয়া সম্পর্কে আপনার অধিকাংশ প্রশ্নের উত্তর দেওয়া উচিত। কোনো স্কুলের অডিশনের বিষয়ে আপনার যদি নির্দিষ্ট প্রশ্ন থাকে, তাহলে বিস্তারিত তথ্যের জন্য স্কুলে সরাসরি ফোন করা অথবা ইমেল পাঠানো বা স্কুলের ওয়েবসাইটটি ভিজিট করাই সবচেয়ে ভালো উপায়।

অডিশনে বিশেষ সুবিধার ব্যবস্থা

ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (IEP), অনুমোদিত 504 পরিকল্পনা রয়েছে এমন শিক্ষার্থী, এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারগণ বিশেষ সুবিধা পেতে পারে। অডিশনে বিশেষ সুবিধা লাভের ব্যবস্থার জন্য শিক্ষার্থীদের তাদের স্কুলের কাউন্সেলরের সাথে কথা বলতে হবে।

সেকশন 3 – অডিশনের জন্য রেজিস্ট্রেশন এবং সাধারণ অডিশনের অংশসমূহ

অডিশন প্রক্রিয়ার বিষয়ে নিচে কিছু শব্দভান্ডার দেওয়া আছে যা পরিবারগুলিকে অডিশনের জন্য প্রস্তুতি গ্রহণে শিখতে হবে। এই গাইডের সেকশন পাঁচে প্রদত্ত টেবিলে এইসব শব্দাবলি পাওয়া যাবে।

অডিশনের জন্য রেজিস্ট্রেশন

শিক্ষার্থীদেরকে DOE-এর এনরোলমেন্ট পদ্ধতির মাধ্যমে অথবা স্কুল ওয়েবসাইটগুলির মাধ্যমে অডিশনের জন্য রেজিস্টার করতে হতে পারে। এই গাইডে এবং হাই স্কুল ডিরেক্টরির অডিশন স্কুল পৃষ্ঠাগুলিতে রেজিস্ট্রেশনের বিশদ বিবরণ রয়েছে। রেজিস্টার করার মাধ্যমে শিক্ষার্থীরা স্কুলের প্রশাসককে জানায় যে তারা অডিশনে অংশ নিচ্ছে এবং তারা কোন্ প্রোগ্রামে অডিশন দিচ্ছে।

সাধারন অডিশনের অংশযুক্ত প্রোগ্রামসমূহ

কিছু স্কুলের একটি নির্বাচিত গ্রুপের প্রোগ্রামসমূহে সাধারণ অডিশনের অংশগুলি থাকে যা এই ডকুমেন্টের সেকশন পাঁচে স্কুলের নামের পাশে ★ আইকন দ্বারা নির্দেশিত হয়। এই প্রোগ্রামগুলি একই অডিশনের সব অংশ শেয়ার করে তাই শিক্ষার্থীরা যদি একটি অডিশনের জন্য প্রস্তুত হয় তাহলে তারা অন্য অংশগ্রহণকারী প্রোগ্রামে অংশগ্রহণের জন্যও প্রস্তুত থাকে।

সাধারণ অডিশনের অংশসমূহ - ভোকাল মিউজিক প্রোগ্রামসমূহ

আপনি এই তথ্যটি 2019 নিউ ইয়র্ক সিটি হাই স্কুল ডিইরেক্টরির 24 নম্বর পৃষ্ঠায়ও পেতে পারেন

একটি সঙ্গীত পরিবেশন করুন যেটি আপনি প্রস্তুত করেছেন এবং আপনার মিউজিক শিট নিয়ে আসুন। স্কুলের ওয়েবসাইটেও কিছু গান বিষয়ক পরামর্শ তালিকাভূক্ত থাকতে পারে। কণ্ঠ শিল্পীদেরকে তাল, সুরসংক্রান্ত স্মৃতি এবং মৌলিক কন্ঠগত কৌশলাদি পরীক্ষার অংশ হিসেবে কন্ঠের বাক্যাংশসমূহ পুনরাবৃত্তি করার জন্য বলা হতে পারে। শিক্ষকদের থেকে পাওয়া নির্দেশনাসমূহ অন্তর্ভুক্ত করার ক্ষমতাও বিবেচনা করা হবে।

প্রোগ্রামসমূহের বিভিন্ন "পরীক্ষা" থাকতে পারে যেগুলো তারা অন-সাইটে অফার করেন, এর মধ্যে থাকতে পারে ইন্টারভিউ, বিষয়ভিত্তিক নমুনা লেখনী যেগুলো আপনার অংশগ্রহণকে প্রভাবিত করতে পারে। অনুগ্রহ করে এই ডকুমেন্টের প্রতিটি স্কুলের অডিশন বিষয়ক তথ্য পড়ুন। এছাড়াও, স্কুলের ওয়েবপেজটি ভিজিট করা নিশ্চিত করুন অথবা সবচেয়ে আপ-টু-ডেট বিস্তারিতের জন্য সরাসরি স্কুলের সাথে যোগাযোগ করুন।

সেকশন 4 – একটি ভোকাল মিউজিক অডিশনের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হয়

একটি ভোকাল মিউজিক অডিশনের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হয়

আপনার অডিশন সম্ভারটি নির্বাচন ও অনুশীলন করা

- আপনার সম্ভারটি অডিশনের যথেষ্ট আগেই নির্বাচন করার চেষ্টা করুন।
- এমন মিউজিক নির্বাচন করুন যেটি নির্দিষ্টভাবে আপনার একক কণ্ঠের জন্য লিখিত (এমন কোনো মিউজিক নয় যার জন্য আপনার কণ্ঠের অংশ অন্য কোন যন্ত্র বা কণ্ঠের জন্য সুরারোপকৃত)।
- এমন মিউজিক নির্বাচন করুন যা আপনার সবল দিকগুলিকে স্পষ্টভাবে প্রকাশ করে। একটি কঠিন গান ভালোভাবে উপস্থাপন করতে পারলে তা আপনার দক্ষতাকে ভালোভাবে প্রদর্শন করবে। যাহোক, একটি সহজতর কাজ শক্তিশালী মিউজিক ও সুরের সমন্বয়ে উপস্থাপন করতে পারলে সেটিও সমানভাবে চিত্তাকর্ষক হবে।
- আপনার দূর্বল দিকগুলি আলাদা করুন এবং অনুশীলন করুন। আপনার সক্ষমতার উন্নয়নে সময় ব্যয় করুন যাতে আপনার কাজের সকল অংশ সমান দক্ষতার সাথে উপস্থাপন করা যায়।
- সুরারোপ ও ছন্দের ক্ষেত্রে সহায়তার জন্য আপনার অনুশীলনের প্রথমদিকে একজন সুরকার ও মাত্রামাপক ব্যবহার করুন।
- কোনো শ্রোতা/দর্শকের সামনে আপনার অডিশনের সম্ভার উপস্থাপনের অনুশীলন করুন। তাদেরকে আপনার কাজের সমালোচনা ও সার্বিক উপস্থাপনার মূল্যায়ন করতে বলুন।
- প্রতিদিন সাইট-রিডিং অনুশীলন করুন।

ভোকাল অডিশন

- বৈপরিত্য আছে এমন কমপক্ষে দুটি পরিবেশনা মুখস্থাকারে প্রস্তুত করুন। যাইহোক, আপনাকে দ্বিতীয় আরেকটি নির্বাচিত গান গাওয়ার জন্য নাও বলা হতে পারে।
- মিউজিক্যাল থিয়েটার প্রডাকশন, আমেরিকান ঐতিহ্যাবলী, বিশ্ব-লোক ঐতিহ্য বা আর্ট সঙ্গীত সংগ্রহ থেকে গানসমূহ নির্বাচন করুন। **নোট: অধিকাংশ অডিশনে R&B, rock ও rap পরিবেশনকে নিরুৎসাহিত করা হয়। প্রতিটি স্কুলের অগ্রাধিকারসমূহ দেখুন।**
- বিচারকগণ কর্তৃক প্রদত্ত স্বরের মাত্রা, ইকো তাল ও সুরের মেলোডির সাথে মানিয়ে নেওয়ার প্রস্তুতি রাখুন।
- কন্ঠস্বরের পরিসর এবং স্থান নির্ণয় প্রদর্শন করতে কণ্ঠস্বরে (অ্যারপাজিওস, লিপস, রান, ইত্যাদি) প্রস্তুত হতে হবে।

অডিশনের সাধারণ উপদেশ

- আপনি যদি কোনো ভুলও হয়ে থাকে তবুও আপনার উপস্থাপনা চালিয়ে যান। হতাশ হবেন না। বিচারকগণ আপনার সম্ভাবনা নির্ধারনে সবচেয়ে বেশী আগ্রহী।
- যদি বিচারকগণ আপনি যেভাবে একটি প্যাসেজ উপস্থাপন করছেন তা পরিবর্তন করতে বলেন তাহলে তার মানে এই নয় যে আপনি ভুলভাবে উপস্থাপন করেছেন বা গেয়েছেন। তিনি এটাও দেখতে চাইতে পারেন যে আপনি কতটা উপস্থিতভাবে ফিডব্যাক গ্রহণ করতে পারেন এবং/বা সংশোধন করতে পারেন।

আপনার সম্ভার নির্বাচনের রিসোর্সসমূহ

- আপনার সম্ভার নির্বাচনের সময় আপনার মিউজিক শিক্ষকের সহায়তা নিন। আপনার শিক্ষক New York State School Music Association Manual, Edition 31 নামক শিক্ষক ও পরিচালকদের জন্য পেশাগত রিসোর্স এর সহায়তা গ্রহণ করতে পারেন যেটিতে সকল ধরনে কন্ঠ ও ইন্সট্রুমেন্টের গ্রেডভূক্ত তালিকা রয়েছে এবং আপনি এই ম্যানুয়ালটি আপনার সম্ভার নির্বাচনের জন্য আপনার শিক্ষকের সাথে পর্যালোচনা করতে পারেন। এই ম্যানুয়ালটি কিছু লাইব্রেরিতে পাওয়া যেতে এবং অনলাইন থেকেও কেনা যেতে পারে।
- আপনি আপনার সম্ভারের মিউজিক শিট অনলাইনে কিনতে পারবেন বা Sam Ash Music, The Guitar Center বা Catalano Music এর মত মিউজিক সংক্রান্ত ইন্সট্রুমেন্ট ও মিউজিক শিট বিক্রয়কারী দোকানসমূহ থেকেও কিনতে পারবেন। (NYCDOE নির্দিষ্ট দোকানের ব্যাপারে সুপারিশ করেনা এবং প্রদত্ত নির্দিষ্ট দোকানসমূহের উদাহরণসমূহ শুধুমাত্র তথ্য সংক্রান্ত উদ্দেশ্যে ব্যবহার করা হয়েছে।)

সেকশন 5 – হাই স্কুলের প্রোগ্রামসমূহ এবং অডিশনের তথ্য

নিচে নিউ ইয়র্ক সিটির সেই সকল হাই স্কুলের তালিকা দেওয়া হলো যেগুলোতে অডিশন সূচি ও শর্তাবলিসহ অডিশন প্রযোজ্য এমন ইন্সট্রুমেন্টাল মিউজিক প্রোগ্রামসমূহ পরিচালনা করে। স্কুলের নাম প্রতিটি স্কুলের ওয়েবসাইটের সাথে যুক্ত রয়েছে; প্রোগ্রামের নামগুলি NYC School Finder প্রতিটি স্কুলের পেজের সাথে যুক্ত (http://schoolfinder.nyc.gov) আছে।

Celia Cruz Bronx High School of Music ★ I 2780 Reservoir Avenue 10468	BRONX
প্রোগ্রাম: Vocal Music: Chorus/Piano I ডিরেক্টরি পৃষ্ঠা 76	কোড: X33B

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিম্নলিখিত অনুরোধসমূহ জানায়:

আপনি অডিশনে কী করবেন:

- কোনো ধরনের সহায়তা ছাড়াই আপনার পছন্দমত একটি গান পরিবেশন করার প্রস্তুতি নিয়ে আসুন।
- তাল, সুর মেলানো এবং অন্যদের সাথে এক সঙ্গে গান গাইবার দক্ষতার মূল্যায়ন করা হবে।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই*)

- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 4pm
- শনিবার, 17 নভেম্বর, 2018, 9am
- বুধবার, 5 ডিসেম্বর, 2018, 5pm
- শনিবার, 8 ডিসেম্বর, 2018, 9am

Fordham High School for the Arts ★ I 500 East Fordham Road 10458	BRONX
প্রোগ্রাম: Fordham High School for the Arts I ডিরেক্টরি পৃষ্ঠা 95	কোড: X51A

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন)

2018-2019 অডিশনের তারিখ: (*আমাদের স্কুলের ওয়েবসাইটে অডিশনের জন্য নিবন্ধন করুন*)

- শনিবার, 27 অক্টোবর, 2018, 9am
- শনিবার, 17 নভেম্বর, 2018, 9am
- শনিবার, 1 ডিসেম্বর, 2018, 9am

Theater Arts Production Company School (TAPCo) ★ I 2225 Webster Avenue 10457	BRONX
প্রোগ্রাম: Vocal Music I ডিরেক্টরি পৃষ্ঠা 145	কোড: X20C

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিম্নলিখিত অনুরোধসমূহ জানায়:

আপনি অডিশনে কী করবেন:

- কোনো সহায়ক ছাড়াই একটি গান পরিবেশন করুন।
- অডিশনের মধ্যে উপস্থিত সঙ্গীত কার্যাবলী অন্তর্ভূক্ত যেটাতে মৌলিকতা, সুরারোপ এবং অন্য গায়কদের সাথে সুর মেলানোর সক্ষমতা যাচাই করা হয়। নির্দেশনার জন্য স্কুলের ওয়েবসাইট (tapconyc.org) দেখুন।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই*)

- শনিবার, 20 অক্টোবর, 2018, 1pm
- শনিবার, 27 অক্টোবর, 2018, 1pm
- শনিবার, 3 নভেম্বর, 2018, 1pm
- শনিবার, 1 ডিসেম্বর, 2018, 1pm

Brooklyn High School of the Arts ★ ǀ 345 Dean Street 11217	BROOKLYN
প্রোগ্রাম: Vocal Music ǀ ডিরেক্টরি পৃষ্ঠা 197	কোড: K47M

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের অংশসমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন)

2018-2019 অডিশনের তারিখ: *(অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই)*

- বুধবার, 14 নভেম্বর, 2018, 4pm
- শনিবার, 17 নভেম্বর, 2018, 9am
- বুধবার, 5 ডিসেম্বর, 2018, 4pm
- শনিবার, 8 ডিসেম্বর, 2018, 9 am

Dr. Susan S. McKinney Secondary School of the Arts ǀ 101 Park Avenue 11205	BROOKLYN
প্রোগ্রাম: Vocal Music ǀ ডিরেক্টরি পৃষ্ঠা 220	কোড: K42B

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- শিক্ষার্থীদের অবশ্যই একটি গান পরিবেশন করতে হবে (ক্লাসিক্যাল, জনপ্রিয়, বা গসপেল) একটি ক্যাপেলা।

আপনি অডিশনে কী করবেন:

- একটি সঙ্গীত পরিবেশন করুন।
- রিদম এবং টোনাল মেমোরি, ইম্প্রোভাইজেশানাল স্কিল, ইনটোনেশন, অ্যাকিউরেসি অফ পিচ, ব্রেথ সাপোর্ট এবং ডিকশন পরীক্ষা করা হবে।

2018-2019 অডিশনের তারিখ: *(অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই)*

- বুধবার, 14 নভেম্বর, 2018, 3pm
- শুক্রবার, 16 নভেম্বর, 2018, 3pm
- শনিবার, 17 নভেম্বর, 2018, 10am
- মঙ্গলবার, 27 নভেম্বর, 2018, 3pm
- শুক্রবার, 30 নভেম্বর, 2018, 3pm

Edward R. Murrow High School ★ ǀ 1600 Avenue L 11230	BROOKLYN
প্রোগ্রাম: Vocal Music ǀ ডিরেক্টরি পৃষ্ঠা 227	কোড: K57J

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিম্নলিখিত অনুরোধসমূহ জানায়:
- সহায়তার জন্য একটি অংশ বেছে নেয়ার নির্দেশনা লাভে, www.ermurrowhs.org ওয়েবসাইটটিতে যান, এবং সুপারিশকৃত গানের একটি তালিকার জন্য মিউজিক প্রতীকের উপর ক্লিক করুন।

আপনি অডিশনে কী করবেন:

- কোনো সহায়ক ছাড়াই একটি গান পরিবেশন করুন। শিক্ষার্থীগণ মিউজিক শিট নিয়ে আসতে পারে।
- শিক্ষার্থীদের মিউজিকের আগ্রহ আছে কিনা সেটির মূল্যায়ন হবে (যেমন পিচ, গান গাওয়ার স্কেল ইত্যাদি মেলানো)।

2018-2019 অডিশনের তারিখ: *(আপনার স্কুল কাউন্সেলর মাধ্যমে অডিশনের জন্য রেজিস্ট্রেশন করুন)*

- নামের শেষ অংশ G-I, শনিবার, 17 নভেম্বর, 2018 8:30am
- নামের শেষ অংশ J-L, শনিবার, 17 নভেম্বর, 2018 9:30am
- নামের শেষ অংশ A-C, শনিবার, 17 নভেম্বর, 2018 12:30pm
- নামের শেষ অংশ D-F, শনিবার, 17 নভেম্বর, 2018 1:30pm
- নামের শেষ অংশ T-U, শনিবার, 2 ডিসেম্বর, 2018 8:30am
- নামের শেষ অংশ V-Z, শনিবার, 2 ডিসেম্বর, 2018 9:30am
- নামের শেষ অংশ M-S, শনিবার, 2 ডিসেম্বর, 2018 12:30pm

Fort Hamilton High School ★ ǀ 8301 Shore Road 11209	BROOKLYN
প্রোগ্রাম: Vocal Music ǀ ডিরেক্টরি পৃষ্ঠা 233	কোড: K17S

আপনি অডিশনে কী করবেন:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের বিষয়সমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন)

2018-2019 অডিশনের তারিখ: *(আপনার স্কুল কাউন্সেলর মাধ্যমে অডিশনের জন্য রেজিস্ট্রেশন করুন)*

- শনিবার, 3 নভেম্বর, 2018, 10am
- রবিবার, 4 নভেম্বর, 2018, 10am
- শনিবার, 17 নভেম্বর, 2018, 10am
- রবিবার, 18 নভেম্বর, 2018, 10 am

Fiorello H. LaGuardia High School of Music & Art and Performing Arts ★ I 100 Amsterdam Avenue 10023	MANHATTAN
প্রোগ্রাম: Vocal Music I ডিরেক্টরি পৃষ্ঠা 353	কোনো কোড নেই

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের অংশসমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিচের কাজগুলোর অনুরোধ জানায়:
- আবেদনকারীগণ অডিশনের জন্য সহায়ক ছাড়া একটি গান গাওয়ার প্রস্তুতি নেবে। নির্বাচিত সঙ্গীত ক্লাসিক্যাল বা জনপ্রিয় স্টাইলের হতে পারে।
- LaGuardia High School এর অনলাইনে একটি নির্দেশিত গানের তালিকা রয়েছে (www.laguardiahs.org). আবেদনকারীগণ উক্ত গানের তালিকা থেকে নির্বাচন না করলেও চলবে।

আপনি অডিশনে কী করবেন:

- সহায়ক ছাড়া একটি প্রস্তুতকৃত গান পরিবেশন করুন।
- আবেদনকারীগণকে সিং ব্যাক মেলোডিক প্যাটার্ন এবং ট্যাপ ব্যাক রিদমিক প্যাটার্ন -এ গান পরিবেশন করার জন্য বলা হবে।

Fiorello H. LaGuardia High School of Music & Art and Performing Arts হচ্ছে একটি স্পেশালাইজড হাই স্কুল। আপনার কাউন্সেলরের কাছে রেজিস্টার করুন।

Professional Performing Arts High School (PPAS) ★ I 328 West 48th Street 10036	MANHATTAN
প্রোগ্রাম: Classical Vocal Music I ডিরেক্টরি পৃষ্ঠা 422	কোড: M81K

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের অংশসমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিচের কাজগুলোর অনুরোধ জানায়:
- অডিশনে মুখস্ত সঙ্গীত নির্বাচনের বিষয়গুলির জন্য ক্ল্যাসিক্যাল বাছাইসমূহ পাওয়া যেতে পারে, উদাহরণস্বরূপ, Twenty-Four Italian Songs ও Arias (Schirmer's) এবং The Art Song Anthology (Hal Leonard)। (NYCDOE এইসকল নির্দিষ্ট সংকলনের ব্যাপারে সুপারিশ করেনা এবং যেগুলো হয়েছে সেগুলো শুধুমাত্র তথ্য প্রদানের উদ্দেশ্যে দেওয়া হয়েছে।)

আপনি অডিশনে কী করবেন:

- একটি মুখস্থ ক্লাসিক্যাল সঙ্গীত উপস্থাপন করুন। গানটির দ্বারা অবশ্যই কন্ঠস্বরের দক্ষতা ও সামর্থ্য প্রকাশ করতে হবে। কোনো রক, পপ, গ্যাস্পেল, দেশী, মিউজিক্যাল থিয়েটার, ডিজনি বা সমসাময়িক গান পরিবেশন করবেন না।
- আপনাকে অবশ্যই আপনার গানের অংশটুকু অডিশনে আনতে হবে; একজন সহায়তাকারী দেওয়া হবে।
- ভোকাল মিউজিশিয়ানশীপ (মাত্রা, একটি ক্যাপেলা গাওয়া ইত্যাদির সামর্থ্য) অডিশনে পরীক্ষিত হবে।

2018-2019 অডিশনের তারিখ: *(অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই)*

- Manhattan, Bronx & Staten Island: নামের শেষ অংশ A-L, রবিবার, 27 অক্টোবর, 2018, 8am
- Manhattan, Bronx & Staten Island: নামের শেষ অংশ M-Z, রবিবার, 28 অক্টোবর, 2018, 12 pm
- Brooklyn & Queens: নামের শেষ অংশ A-L, রবিবার, 3 নভেম্বর, 2018, 8am
- Brooklyn & Queens: নামের শেষ অংশ M-Z, শনিবার, 3 নভেম্বর, 2018, 12pm

Special Music School ★ I122 Amsterdam Avenue 10023	MANHATTAN
প্রোগ্রাম: Voice, Instrument, and Composition I ডিরেক্টরি পৃষ্ঠা 430	কোড: A85A

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের অংশসমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিচের কাজগুলোরও

অনুরোধ জানায়:

আপনি অডিশনে কী করবেন:

- অডিশন পারফরমেন্স, উন্নয়নসূচক কর্মশালা, তত্ত্ব নির্ণয়, সাইট-রিডিং ও ইন্সট্রুমেন্ট সক্ষমতা।

2018-2019 অডিশনের তারিখ: *(www.kaufmanmusiccenter.org/sms ভিজিট করে একটি অডিশনের জন্য রেজিস্টার করুন)*

- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 9am
- বুধবার, 7 নভেম্বর, 2018, 4:30pm
- সোমবার, 12 নভেম্বর, 2018, 4:30pm
- মঙ্গলবার, 13 নভেম্বর, 2018, 4:30pm
- বুধবার, 14 নভেম্বর, 2018, 4:30pm

Talent Unlimited High School ★ I 317 East 67th Street 10065	MANHATTAN
প্রোগ্রাম: ভোকাল মিউজিক: Classical and Contemporary I ডিরেক্টরি পৃষ্ঠা 434	কোড: M42K

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের অংশসমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিচের কাজগুলোরও অনুরোধ জানায়:

আপনি অডিশনে কী করবেন:

- একটি মধ্যম স্বরের মুখস্তকৃত গান গাইতে প্রস্তুত হয়ে আসবেন যেমন (A) "Amazing Grace," "Over the Rainbow," "Silent Night," অথবা "The Star Spangled Banner;" বা (B) একটি ক্ল্যাসিক্যাল অথবা মিউজিক্যাল থিয়েটার নির্বাচন।
- ক্লাসিক্যাল বা মিউজিক্যাল থিয়েটার পরিবেশনার ক্ষেত্রে আবেদনকারীগণকে অবশ্যই যে স্বরে তারা গাইবে সেই স্বরের মিউজিক শিট নিয়ে আসতে হবে।
- আবেদনকারীগণকে অবশ্যই প্রদত্ত সহায়ক যন্ত্রের সাথে গাইতে হবে।
- আবেদনকারীগণকে চেস্ট ও হেড উভয় ভয়েস প্রদর্শনে পারদর্শিতা থাকতে এবং তাদেরকে তাল, সুরময় স্মৃতি ও মৌলিক কন্ঠগত কৌশলাদি প্রদর্শন করতে ভোকাল ফ্রেজসমূহ পুনরাবৃত্তি করতে বলা হবে। নির্দেশনা অনুসরণ করার ক্ষমতাকে জোরালোভাবে বিবেচনা করা হবে।

2018-2019 অডিশনের তারিখ: *(আমাদের স্কুলের ওয়েবসাইটে অডিশনের জন্য রেজিস্টার করুন)*

- শনিবার, 3 নভেম্বর, 2018, 9am
- শনিবার, 3 নভেম্বর, 2018, 10am
- শনিবার, 3 নভেম্বর, 2018, 11am
- শনিবার, 3 নভেম্বর, 2018, 12pm
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 9am
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 9am
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 10am
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 11am
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 1pm
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 2pm
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 3pm
- শুক্রবার, 9 নভেম্বর, 2018, 4pm
- শুক্রবার, 9 নভেম্বর, 2018, 5pm
- শুক্রবার, 9 নভেম্বর, 2018, 6pm
- শুক্রবার, 9 নভেম্বর, 2018, 7pm

Wadleigh Secondary School for the Performing & Visual Arts ★ I 215 West 114th St. 10026	MANHATTAN
প্রোগ্রাম: Vocal Music I ডিরেক্টরি পৃষ্ঠা 456	কোড: M26R

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রাম সাধারণ অডিশনের অংশসমূহ ব্যবহার করে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিচের কাজগুলোরও অনুরোধ জানায়:

আপনি অডিশনে কী করবেন:

- দুটি মুখস্থ বিপরীতধর্মী কাজ পরিবেশন করুন (acapella).
- দেখে পড়া ও কন্ঠ আরোপের প্রস্তুতি নিন।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই*)

- বৃহস্পতিবার, 8 নভেম্বর, 2018, 4:30pm
- শনিবার, 10 নভেম্বর, 2018, 11:30am
- বৃহস্পতিবার, 15 নভেম্বর, 2018, 4:30pm
- শনিবার, 17 নভেম্বর, 2018, 11:30am
- বৃহস্পতিবার, 29 নভেম্বর, 2018, 4:30pm
- শুক্রবার, 30 নভেম্বর, 2018, 4:30pm
- শনিবার, 1 ডিসেম্বর, 2018, 11:30am

Bayside High School ★ I 32-24 Corporal Kennedy Street, Bayside 11361	QUEENS
প্রোগ্রাম: Performance & Production I ডিরেক্টরি পৃষ্ঠা 479	কোড: Q12B

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিম্নলিখিত অনুরোধসমূহ জানায়:

আপনি অডিশনে কী করবেন:

- যেকোনো স্টাইলে একটি প্রস্তুতকৃত নির্বাচিত সঙ্গীত পরিবেশন করুন।
- প্রারম্ভিক শিক্ষার্থীদের সাক্ষাৎকার ছাড়াও একটি সংগীত ভিত্তিক সক্ষমতার পরীক্ষার জন্য অডিশানে উপস্থিত হওয়ার জন্য উৎসাহিত করা হয়।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই*)

- শনিবার, 15 ডিসেম্বর, 2018, 9am
- শনিবার, 5 জানুয়ারি, 2019 9am

Forest Hills High School ★ I 67-01 110th Street, Forest Hills 11375	QUEENS
প্রোগ্রাম: Academy of Instrumental and Vocal Music I ডিরেক্টরি পৃষ্ঠা 499	কোড: Q19P

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিম্নলিখিত অনুরোধসমূহ জানায়:

আপনি অডিশনে কী করবেন:

- একটি প্রস্তুতকৃত নির্বাচিত কন্ঠগত পরিবেশনা উপস্থাপন করুন।
- পিয়ানোবাদককে মিউজিকের শিট প্রদান করুন।
- অডিশনে অনসাইট সঙ্গীত কর্মগুলি অন্তর্ভুক্ত রয়েছে (সিঙ্গিং ব্যাক মেলোডিক প্যাটার্ন, ট্যাপিং ব্যাক মেলোডিক প্যাটার্ন, নির্বাচিত মাত্রায় গাওয়া বা এক দৃষ্টিতে শেষ করতে পারা, সঙ্গীত তত্ব বা সংস্কারমূলক কাজসমূহ অর্ন্তভূক্ত হতে পারে)।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই*)

- নামের শেষ অংশ A-L, রবিবার, 7 নভেম্বর, 2018, 4pm
- নামের শেষ অংশ M-Z, সোমবার, 12 নভেম্বর, 2018, 4pm
- মেক-আপ, বৃহস্পতিবার, 15 নভেম্বর, 2018, 4pm

Frank Sinatra School of the Arts High School I 35-12 35th Avenue, Astoria 11106	QUEENS
প্রোগ্রাম: Vocal Music I ডিরেক্টরি পৃষ্ঠা 504	কোড: Q40L

আপনি অডিশনে কী করবেন:

- 'Star Spangled Banner' - পরিবেশন করুন (সহকারি প্রদান করা হবে) এবং এক মিনিটের একটি ক্লাসিক্যাল অথবা একটি

সাধারণ মিউজিক্যাল থিয়েটার অংশে অভিনয় করুন।
- আপনার স্বরের মিউজিক শিট আনুন।

2018-2019 অডিশনের তারিখ: *(অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই)*

- Queens; নামের শেষ অংশ A-M, শনিবার, 3 নভেম্বর, 2018, 7:30am
- Queens; নামের শেষ অংশ N-Z, রবিবার, 4 নভেম্বর, 2018, 7:30am
- Citywide; শেষ নাম A-M, শনিবার, 17 নভেম্বর, 2018 7:30am
- Citywide; শেষ নাম N-Z, রবিবার, 18 নভেম্বর, 2018 7:30am
- মেক-আপ; শনিবার, 1 ডিসেম্বর, 2018 7:30am
- Make-Up; রবিবার, ডিসেম্বর 2, 2018, সকাল 7:30

Susan E. Wagner High School I 1200 Manor Road 10314	STATEN ISLAND
প্রোগ্রাম: Music I ডিরেক্টরি পৃষ্ঠা 601	কোড: R17G

অডিশনের জন্য যা প্রস্তুত করতে হবে:

- Wagner website -এ প্রাপ্ত প্রয়োজনীয় সামগ্রী থেকে নির্বাচন করুন: www.wagnerhigh.net.

আপনি অডিশনে কী করবেন:

- প্রয়োজনীয় সামগ্রীসহ একটি সংক্ষিপ্ত কণ্ঠ অডিশন পরিবেশন করুন।

2018-2019 অডিশনের তারিখ: *(আপনার স্কুল কাউন্সেলরের মাধ্যমে অডিশনের জন্য রেজিস্ট্রেশন করুন)*

- বৃহস্পতিবার, 3 জানুয়ারি, 2019, 2:45pm
- মঙ্গলবার, 8 জানুয়ারি, 2019, 2:45pm
- বুধবার, 9 জানুয়ারি, 2019, 2:45pm

সেকশন 6 – আপনার ব্যক্তিগত অডিশনের সময়সূচি

আপনি যে সকল হাই স্কুল প্রোগ্রামগুলির জন্য আগ্রহী তাদের তালিকা তৈরি করে আপনার ব্যক্তিগত অডিশন সময়সূচি তৈরি করুন, অডিশনের তারিখ/সময় উল্লেখ করুন এবং রেজিস্ট্রেশন প্রয়োজন কিনা তা যাচাই করে নিন।

	আমার অডিশন প্রোগ্রাম/ স্কুল:	অডিশনের তারিখ/সময়:	রেজিস্ট্রেশন প্রয়োজন?
1.			☐
2.			☐
3.			☐
4.			☐
5.			☐
6.			☐
7.			☐
8.			☐
9.			☐
10.			☐
11.			☐
12.			☐
13.			☐
14.			☐
15.			☐
16.			☐
17.			☐
18.			☐
19.			☐
20			☐